গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

## জাতীয় মহিলা সংস্থার ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব কাজল ইললাম, নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।

সভার তারিখ : ৩০ ডিসেম্বর ২০১৯ ইং ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : জাতীয় মহিলা সংস্থান ৫ম তলায় অবস্থিত সভাকক্ষ।

উপস্থিতি : ১। জনাব তাহমিনা সুলতানা, উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।

২। জনাব তাহসিনা বেগম, উপপরিচালক (প্রশাসন এবং হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।

৩। জনাব মোহাম্মদ আলী চৌধুরী, সহ:পরি: (হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।

৪। জনাব লায়লা আরজুমান বানু, সহ:পরি (চলতি দা:প্রকল্প), জাতীয় মহিলা সংস্থা।

৫। জনাব ইয়াছির আরাফাত, সহকারী প্রোগ্রামার, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।

৬। শ্রী বিনয় কুমার রায়, প্রশিক্ষক কম্পিউটার, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।

৭। জনাব মাছুমা বেগম, মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে নির্বাহী পরিচালক মহোদয়ের সভার কার্যক্রম শুরু করেন। অত:পর নির্বাহী পরিচালক মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন টিমের সভাপতি সংস্থার পরিচালক জনাব জি.এম রফিকুল ইসলাম সভা পরিচালনা করেন। তিনি জনান যে, জাতীয় মহিলা সংস্থার ২০১৯-২০ অর্থ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনায় দুইটি উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে : ১। প্রশিক্ষণ ভাতা প্রদান প্রক্রিয়া সহজীকরণ ২। সংস্থার প্রধান কার্যালয়, জেলা ও উপজেলার ট্রেড প্রশিক্ষণার্থীদের সফটওয়্যার ডাটাবেজ চালুকরা। উক্ত উদ্যোগসমূহ বাস্তবায়নের বিষয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১। প্রশিক্ষণ ভাতা প্রদান প্রক্রিয়া সহজীকরণ | সংস্থার পরিচালক মহোদয় সভাকে অবহিতকরেন যে, ২০১৯-২০ অর্থ বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনার (৬নং ক্রমিকের ৬.১ এর) বিধান অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের বিধান রয়েছে। এ লক্ষ্যে সংস্থার ১নং উদ্যোগটি বাস্তবায়নের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি জানান যে, বর্তমানে জাতীয় মহিলা সংস্থার ৬৪ টি জেলা এবং ৫০টি উপজেলার ট্রেড প্রশিক্ষণার্থীদের ভাতা সংস্থার বেতন ভাতা বাজেটের সাথে প্রদান করা হয়। এতে প্রশিক্ষণার্থীরা তাদের প্রাপ্য অর্থ হাতে পেতে বিলম্ব হয়, কখনও কখনও অনিয়মেরও অভিযোগ পাওয়া যায়। এসকল অনিয়ম ও সময় ক্ষেপন থেকে এ সেবাকে সহজীকরণের | ইনোভেশন টিম |

লক্ষ্যে প্রশিক্ষণার্থীদের নামে সরাসরি একাউন্টের/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়।

উদ্যোগটি বাস্তবায়নের জন্য এধরণের সেবা প্রদানকারী প্রতিষ্ঠান বাংলাদেশ পোষ্ট অফিস কর্তৃক পরিচালিত ''নগদ'' এবং রূপালী ব্যাংক কর্তৃক পরিচালিত 'শিওর ক্যাশ' এর প্রতিনিধিগণের সাথে একাধিকবার মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। 'নগদ' সেবা প্রদানের ক্ষেত্রে ১.২% অর্থ্যাৎ হাজারে ১২ টাকা এবং 'শিওর ক্যাশ' ১% অর্থ্যাৎ হাজারে ১০ টাকার কমিশনের মাধ্যমে সেবা প্রদানে আগ্রহী। পরর্বতীতে গত ০৮/৩/২০২০ তারিখ 'শিওর ক্যাশ' এর সাথে সর্বশেষ মতবিনিময় হয় ।এতে প্রতিষ্ঠানটি ০.৯% অর্থাৎ হাজারে ৯ টাকায় সেবা প্রদান করতে সর্বশেষ সম্মতি প্রদান করেছেন। এতে সংস্থার ১টি জেলার বিপরীতে ১টি ব্যাচে কত টাকা খরচ হবে তার তুলনামূলক বিবরণী তুলা ধরা হয় (পরিশিষ্ট ক সদয় দ্রষ্টব্য)।

এবিষয়ে নির্বাহী পরিচালক মহোদয় বলেন, যেহেতু ''শিওর ক্যাশ'' প্রতিষ্ঠানটি নিম্ন হারে সেবা প্রদান করবে। সেক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানের মাধ্যেমে সংস্থার উদ্যোগটি বাস্তবায়ন করা যেতে পারে। কিন্তু তাদের কমিশন কার কাছ থেকে কর্তন করা হবে এ সম্পর্কে জানতে চাইলে সংস্থার উপপরিচালক জনাব তাহসিনা বেগম বলেন, প্রশিক্ষণার্থীগণ যখন সময়মত তাদের পূর্ণ টাকা বুঝে পাবে তখন তাদের নিকট হতে সামান্য হারে কর্তনকৃত টাকা রাখলে আশা করি তারা কোন আপত্তি করবে না।

'শিওর ক্যাশ' সংস্থার উক্ত লেনদেন সর্বনিম্ন হারে বাস্তবায়নের আগ্রহ প্রকাশ করায় নির্বাহী পরিচালক মহোদয় পাইলটিং হিসেবে ১ বছরের জন্য সংস্থার নিম্নোল্লিখিত ১০টি জেলায় এবং ১০টি উপজেলায় বাস্তবায়নের মত ব্যক্ত করেন। এক্ষেত্রে বাস্তবায়নকালে কোন সমস্যা হলে তা পরিবর্তনের সুযোগ থাকবে।

| জেলা সমূহ | উপজেলা সমূহ |
|---|---|
| ১। ঢাকা | ১। সাভার |
| ২। রাজশাহী | ২। মাটিরাঙ্গা |
| ৩। লক্ষীপুর | ৩। ভেড়ামারা |
| ৪। চট্টগ্রাম | ৪। নলছিটি |
| ৫। ভোলা | ৫। শিবচর |
| ৬। পটুয়াখালী | ৬। মুক্তাগাছা |
| ৭। গোপালগঞ্জ | ৭। দেবিদ্বার |
| ৮। টাঙ্গাইল | ৮। নন্দিগ্রাম |
| ৯। বি-বাড়িয়া | ৯। মনিরামপুর |
| ১০। পঞ্চগড় | ১০। মঠবাড়িয়া। |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত : ১। রূপালী ব্যাংক কর্তৃক পরিচালিত ‘শিওর ক্যাশ’ এর মাধ্যমে সংস্থার ১০টি জেলা এবং ১০টি উপজেলায় প্রশিক্ষণীদের ভাতা বিতরণ করা হবে।<br><br>২। এ উদ্যোগ বাস্তবায়নের জন্য উল্লিখিত ১টি প্রতিষ্ঠানকেই ১ বছরের জন্য পাইলটিং হিসেবে বাস্তবায়নের জন্য দায়িত্ব প্রদান করা হবে।<br><br>৩। উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য রূপালী ব্যাংক কর্তৃক পরিচালিত ‘শিওর ক্যাশ’ এবং জাতীয় মহিলা সংস্থার সাথে সেমঝোতা চুক্তি স্বাক্ষরিত হবে।<br><br>৪। এক্ষেত্রে শিওর ক্যাশ কর্তৃক কর্তনকৃত ০.৯% অর্থাৎ হাজারে ৯ টাকা কমিশন প্রশিক্ষণর্থীগণের নিকট থেকে কর্তন করা হবে। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষনা করেন।

22/6/2020
কাজল ইসলাম এনডিসি
নির্বাহী পরিচালক (অতিঃ সচিব)
জাতীয় মহিলা সংস্থা

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০১৮.১৯. ৭০৫ তারিখ : ১৫/৬/২০২০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :**

১। পরিচালক, জাতীয় মহিলা সংস্থা
২। উপপরিচালক, প্রকল্প ও প্রকাশনা/প্রশাসন এবং হিসাব ও অর্থ, জাতীয় মহিলা সংস্থা
৩। সহকারী পরিচালক, হিসাব ও অর্থ/প্রকাশনা/ প্রশাসন/ প্রকল্প/, জামস।
৪। সহকারী প্রোগ্রামার , জে,ভি,ম,উ,প্র:, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো)
৫। প্রশিক্ষক (কম্পিউটার) , জে,ভি,ম,উ,প্র:, সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো)
৬। মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
৭। পিএ টু চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক/উপ পরিচালক(প্রশাসন ও অর্থ/প্রকল্প ও প্রকাশনা) ।
৮। অফিস কপি।

Sultana 12.3.2020
তাহমিনা সুলতানা
উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা)
জাতীয় মহিলা সংস্থা ও
ইনোভেশন টিমের সদস্য।